গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০৩.০৫১.২৩/৩৬৮ তারিখ: ১৭ আগস্ট, ২০২৬ খ্রি.।

বিষয়: **সৌর বিদ্যুৎ উৎপাদনের নিমিত্ত বিভিন্ন পণ্য শুল্ক-কর রেয়াতি সুবিধায় আমদানির ক্ষেত্রে স্পষ্টীকরণ।**

২০২৬-২৭ অর্থবছরের বাজেটে সৌর বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পণ্য আমদানির ক্ষেত্রে শুল্ক-কর ছাড় প্রদান করে প্রজ্ঞাপন জারি করা হলেও মাঠ পর্যায়ে বিভিন্ন কাস্টমস হাউস ও এলসি স্টেশনে এসকল পণ্যচালান শুল্কায়নে দীর্ঘসূত্রিতা ও জটিলতা সৃষ্টি হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে।

২। মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত বিদ্যমান প্রজ্ঞাপন নং-১৯১-আইন/২০২৫/১৩/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৫ খ্রি. এবং নবায়নযোগ্য সৌর বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ সংক্রান্ত প্রজ্ঞাপন নং-১৫৯-আইন/২০২৬/১৪/কাস্টমস, তারিখ: ০৮/০৬/২০২৬ খ্রি. উভয় প্রজ্ঞাপনে Solar Photovoltaic/Module/panel (H.S. Code 8541.43.00) পণ্যটি অন্তর্ভুক্ত রয়েছে। অতএব, উল্লিখিত H.S. Code উভয় প্রজ্ঞাপনে বিদ্যমান থাকায়, একজন আমদানিকারক কোনো পণ্য ঘোষণায় (বিল অব এন্ট্রি) সৌর বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট একাধিক আইটেম ঘোষণা দিলে প্রজ্ঞাপনের নির্ধারিত শর্তাবলি পূরণ সাপেক্ষে সোলার প্যানেলের জন্য মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত বিদ্যমান প্রজ্ঞাপন নং-১৯১-আইন/২০২৫/১৩/কাস্টমস এর সিপিসি এবং অন্যান্য আইটেমের ক্ষেত্রে প্রজ্ঞাপন নং-১৫৯-আইন/২০২৬/১৪/কাস্টমস এর সিপিসি উল্লেখপূর্বক প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ করে পণ্যচালান খালাস গ্রহণ করতে পারবেন।

৩। প্রজ্ঞাপন নং-১৫৯-আইন/২০২৬/১৪/কাস্টমস, তারিখ: ০৮/০৬/২০২৬ খ্রি. এর টেবিল-১ এ উল্লিখিত Solar Inverter এর বিপরীতে অনবধানতাবশত H.S. Code 8504.40.40 এর পরিবর্তে H.S. Code 8504.40.90 উল্লেখ থাকলেও এক্ষেত্রে বর্ণনা প্রাধান্য পাবে বিধায় সোলার ইনভার্টার আমদানির ক্ষেত্রে প্রজ্ঞাপনে বর্ণিত শুল্ক-কর রেয়াতি সুবিধা প্রযোজ্য হবে।

৪। কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান সৌর বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে সোলার প্ল্যান্ট স্থাপন করতে চাইলে উক্ত প্ল্যান্ট স্থাপনের প্রয়োজনীয় সকল পণ্য মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত বিদ্যমান প্রজ্ঞাপন নং-১৯১-আইন/২০২৫/১৩/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৫ খ্রি. এবং প্রজ্ঞাপন নীতিমালা নং-৬২/২০২২/কাস্টমস, তারিখ: ২৫/০৪/২০২২২ খ্রি. অনুযায়ী প্রজ্ঞাপনের নির্ধারিত শর্তাবলি পূরণ সাপেক্ষে কেবলমাত্র ১% কাস্টমস ডিউটি প্রদান করে পণ্যচালান খালাস করতে পারবেন এবং বাণিজ্যিক আমদানিকারকগণ ১% কাস্টমস ডিউটি, ৭.৫% আগাম কর ও ৫% অগ্রিম আয়কর (পরবর্তীতে আগাম কর ও অগ্রিম আয়কর সমন্বয়যোগ্য) প্রদান করে খালাস করতে পারবেন।

৫। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে এ পরিপত্র জারি করা হলো।

মো: তারেক হাসান
প্রথম সচিব (কাস্টমস: নীতি ও আইসিটি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

**প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৮। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/পানগাঁও/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা।

৯-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/কক্সবাজার/কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/সিলেট/ময়মনসিংহ।

১৭-১৮। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে আলোচ্য স্মারকটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) এ আপলোডসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক এলাকা কর্তৃপক্ষ, মুনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল-১২), ১১১ বীর উত্তম সি.আর.দত্ত রোড, কাওরান বাজার, ঢাকা-১২০৫।

৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বেপজা কমপ্লেক্স, হাউস-১৯/ডি, রোড-৬, ধানমন্ডি আর/এ, ঢাকা।

৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার (১০ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।

৬। সভাপতি, Bangladesh Sustainable and Renewable Energy Association (BSREA), Suite # 21/B, Navana Tower, 45, Gulshan South Avenue (Circle-1), Dhaka-1212, Bangladesh.

৭। চেয়ারম্যান (গ্রেড-১),টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), IEB Building (Level-9 & 10), Ramna, Dhaka.

৮। সভাপতি, ফরেন ইনভেস্টর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সামা হুমস, অ্যাপার্টমেন্ট নং- সি-৩, বাড়ি নং-৫৯, রোড নং-১, ব্লক-আই, বনানী, ঢাকা-১২১৩।

৯। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১০। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই), ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১১। সভাপতি, ঢাকা মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার বিল্ডিং, (৫ম তলা), ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১২। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১৩। সভাপতি, বাংলাদেশ চেম্বার অফ ইন্ডাস্ট্রিজ, বিসিআইসি ভবন (৩য় তলা), ৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

১৪। সভাপতি, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, আস-সালাম টাওয়ার (৬ষ্ঠ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, ফেডারেশন অব বাংলাদেশ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস, ৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।

১৬। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস # ৭/৭এ, সেক্টর # ১৭, ব্লক # এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।

১৭। সভাপতি, বাংলাদেশ নীট ওয়্যার ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, প্ল্যানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা-১০০০।

১৮। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, লেভেল-৮, ইউটিসি ভবন, ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

১৯। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।